বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

প্রকল্প ও উন্নয়ন বিভাগ

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

আগস্ট ২০২০ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	সৈয়দ মিজানুর রহমান এনডিসি এমডিএস (প্রকল্প ও উন্নয়ন), বিপিএটিসি, সাভার, ঢাকা
সভার তারিখ	:	০৩ সেপ্টেম্বর ২০২০, বৃহস্পতিবার
সময়	:	সকাল ১১.০০টা
স্থান	:	সম্মেলন কক্ষ, অনুযদ ভবন-১, বিপিএটিসি, সাভার, ঢাকা
উপস্থিতি	:	সংযোজনী-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করা হয়। সভায় প্রকল্প ও উন্নয়ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ, বিপিএটিসিতে চলমান সকল প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, পরিচালক (প্রশাসন) ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় প্রকল্প ও উন্নয়ন বিভাগের কার্যক্রম, বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি এবং বাস্তবায়িত কর্মসূচির ত্রুটি নিরসনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে আলোচনা হয়। অত:পর সার্বিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জুন ও জুলাই ২০২০ মাসের সভার কার্যবিবরণী অনুমোদন	১.১ জুন ও জুলাই ২০২০ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব উত্থাপন করা হয়নি।	১.১ কোন আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে জুন ও জুলাই ২০২০মাসের সভার কার্যবিবরণী সভায় অনুমোদন করা হয়।	-
২.	প্রকল্প ও উন্নয়ন বিভাগ এবং চলমান প্রকল্প সমূহে কর্মকর্তা-কর্মচারী পদায়ন	২.১ প্রকল্প ও উন্নয়ন বিভাগের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় পরিচালক (উন্নয়ন) শাখায় একজন এলডিএ কাম টাইপিস্ট, পদায়নের বিষয়ে আলোচনা করা হয়, এবং সহকারী পরিচালক (উন্নয়ন) পদে সদ্য বৈদেশিক মাস্টার্স সম্পন্ন করা একজন কর্মকর্তাকে পদায়নের জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ জানানো হয়।	২.১ প্রকল্প ও উন্নয়ন বিভাগের উন্নয়ন শাখায় জরুরী ভিত্তিতে একজন এলডিএ কাম টাইপিস্ট, এবং উন্নয়ন অনুবিভাগে একজন সহকারী পরিচালক পদায়ন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক (প্রকল্প)
৩.	**বিপিএটিসি'র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা** প্রকল্পটির মেয়াদ: জুলাই ২০১৭ থেকে জুন ২০২০, মোট ব্যয়: ৮৫৯০০.০০ লক্ষ টাকা।	৩.১ **নকশা অনুমোদন:** বাংলাদেশ সেনাবাহিনীর ইঞ্জিনিয়ারিং কোর কর্তৃক ২০-তলা প্রশাসনিক ও একাডেমিক ভবনের প্রণয়নকৃত নকশা গত ০২/০৯/২০২০ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মুখে উপস্থাপন করা হয়েছে এবং তিনি ১টি নকশা অনুমোদন দিয়েছেন। এছাড়াও	৩.১ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন প্রাপ্ত নকশার অভ্যন্তরীণ লে-আউট দ্রুত চূড়ান্ত করে সার্বিক বিষয় চূড়ান্ত করে ECNEC সভায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও বাংলাদেশ সেনাবাহিনী

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	২০১৯-২০ বরাদ্দ: ৫০০০.০০ লক্ষ টাকা অর্থ ছাড়করণ: ২৫০০.০০ লক্ষ চলতি অর্থবছরে ব্যয়: ২৫০০.০০লক্ষ আর্থিক: ১০০% বাস্তব-.২.২৭% ক্রমপুঞ্জিভূত: জুন ২০২০ মোট ব্যয়- ৫৮০৫.৯৫ লক্ষ আর্থিক-৬.৭৬% বাস্তব-৫.৮৮%	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মুর‍্যালস্থাপন এবং মেইনগেটসহ অন্য দুটি গেট এর নকশা প্রণয়ন ও অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মুর‍্যাল ২০ তলা ভবনের সাথেই হবে। মেইনগেটসহ অন্য দুটি গেট এর নকশা প্রণয়ন ও অনুমোদনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক, নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সাভার
		৩.২ ১৫ তলা ডরমিটরি ভবন : সহকারী প্রকল্প পরিচালক জানান যে, ১৫ তলা ডরমিটরি ভবনের বেসমেন্ট ঢালাই এর কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে। দ্রুত সময়ের মধ্যে বাকী কাজগুলো দ্রুততার সাথে সমাপ্ত করতে হবে।	৩.২ ১৫ তলা ডরমিটরি ভবনের কাজ দ্রুততার সাথে এগিয়ে নিতে হবে। কাজের মান বজায় রাখার জন্য মনিটরিং জোরদার করতে হবে।	প্রকল্প পরিচালক, নিবাহী প্রকৌশলী, (সিভিল), গণপূর্ত বিভাগ, সাভার
		৩.৩ প্রশাসনিক ভবন ভাঙ্গার কাজ চলমান আছে। ডরমিটরী ভবন-১ ভাঙ্গার কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে এবং ৩য় তলা ভাঙ্গা হচ্ছে। অতিথি ভবন, অনুষদ ভবন-১ ভাঙ্গার কাজ গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৩.৩ অতিথি ভবন ও অনুষদ ভবন-১ ভাঙ্গার বিষয়ে গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত অনুমোদন লাভের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্প পরিচালক বিষয়টি ফলো-আপ করবেন।	প্রকল্প পরিচালক, পরিচালক (প্রশাসন) ও নির্বাহী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত বিভাগ, সাভার
		৩.৪ সাবস্টেশন নির্মাণ: সাবস্টেশন-এর নকশা প্রণয়ন ও অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিদ্যুতের ভবিষ্য চাহিদা যাচাই করতে হবে। সভায় ভবিষ্যতে কোন প্রকল্প প্রস্তুতকালে বিভিন্ন ইউটিলিটির লাইন স্থাপন বা পরিবর্তনের খরচ অন্তর্ভুক্তির উপর গুরুত্ব আরোপ করা হয়।	৩.৪ ২০ তলা ভবন নিমার্ণ কাজ শুরুর পূর্বেই বৈদ্যুতিক সাবস্টেশন-এর নকশা প্রণয়ন সম্পন্ন করতে হবে এবং সকল প্রকল্পে ইউটিলিটি লাইন স্থাপনের/সরানোর ব্যয় অন্তর্ভূক্ত করতে হবে।	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী (ই/এম), গণপূর্ত বিভাগ, সাভার
		৩.৫ সভায় লেকের সৌন্দর্যবর্ধন-এর খসড়া নকশা বিষয়ক আলোচনায় সহকারী প্রকল্প পরিচালক জানান, বিস্তারিত নকশা প্রণয়ন করা হয়েছে। অল্প সময়ের মধ্যে রেক্টর মহোদয় বরাবর উপস্থাপন করা হবে।	৩.৫ লেকের সৌন্দর্যবর্ধন-এর জন্য বিস্তারিত নকশা প্রণয়ন করা হয়েছে। রেক্টর মহোদয়ের অনুমোদন গ্রহনপূর্বক দ্রুত পরবর্তি ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত বিভাগ, সাভার

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		৩.৬ সভায় এমডিএস (প্রকল্প ও উন্নয়ন) মহোদয় আগামী ১ মাসের মধ্যে সীমানা প্রাচীর এবং জগিং ট্র্যাকের ফাটল মেরামতসহ নির্মাণের সমস্ত কাজ সমাপ্ত করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।	৩.৬ সেপ্টেম্বর ২০২০-এর মধ্যে নবনির্মিত সীমানা প্রাচীর এবং জগিং ট্র্যাকের ফাটল মেরামতসহ নির্মাণের সমস্ত কাজ সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর
		৩.৭ **লাইব্রেরীর আসবাবপত্র ক্রয়:** প্রকল্পের ডিপিপি অনুযায়ি ২০২০-২১ অর্থ বছরের কেন্দ্রের লাইব্রেরীর আসবাবপ্রত্র ও এসি ক্রয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ইনটেরিওর ডিজাইনসহ অন্যান্য কাজ সম্পন্ন করতে নকশা প্রণয়নের জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়।	৩.৭ অভ্যন্তরীণ নকশাসহ লাইব্রেরীর সার্বিক সংস্কার বিষয়ে একটি ধরণাপত্র বর্তমান এমডিএস (আরএন্ডসি)-এর নিকট থেকে পাওয়া গেছে। রিপোর্টটি পর্যালোচনা করে দ্রুত ব্যবস্থা নিতে হবে।	প্রকল্প পরিচালক বিপিএটিসির প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পও পরিচালক (প্রশাসন)
		৩.৮ **ক্লিনিক ভবন স্থাপনঃ** ইতোমধ্যে ক্লিনিক ভবন ভাঙ্গার কাজ সম্পন্ন হয়েছে। layout প্রস্তুতপুর্বক দ্রুত ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।	৩.৮ ক্লিনিক ভবনের লে-আউট প্রণয়ন ও নির্মাণ কাজ শুরুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক নির্বাহী প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর
		৩.৯ **Waste Management & Water Treatment Plant** স্থাপণ: সভায় Waste Management & Water Treatment Plant স্থাপণ সম্পর্কে আলোচনা করা হয়।	৩.৯ প্রকল্পের সংশোধিত ডিপিপি ECNEC- এ অনুমোদন হওয়ার পর বর্জ্য ব্যবস্থাপনা ও পানি বিশুদ্ধকরণ প্লান্ট (Waste Management & Water Treatment Plant) স্থাপনের কাজ শুরু করতে হবে।	প্রকল্প পরিচালক নির্বাহী প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর
৪	বিপিএটিসি'র কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ (সংশোধিত) শীর্ষক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা মেয়াদ: জুলাই ২০১৬ থেকে জুন ২০২০ পর্যন্ত মোট প্রকল্প ব্যয়: ৫০০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ বরাদ্দ: ৩০০০.০০ লক্ষ টাকা	**৪.১ স্থানীয় প্রশিক্ষণ:** সহকারী প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এর কারণে গত বছর লোকাল ট্রেনিং বা স্থানীয় প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হয়নি। তাই এ অর্থ বছর বিপিএটিসি এবং লিংক অর্গানাইজেশন এর কর্মকর্তা কর্মচারিদের জন্য দাপ্তরিক কাজের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ICT ও e-Nothi সহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।	৪.১ বাজেট বরাদ্দ পাওয়ার পর বিপিএটিসি এবং এর লিংক অর্গানাইজেশনের কর্মকর্তা-কর্মচারিদের দাপ্তরিক কাজের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ICT ও e-Nothi বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রশিক্ষণসমূহ অনলাইন ভিত্তিক বা মিশ্র পদ্ধতিতে হতে পারে।	প্রকল্প পরিচালক, বিপিএটিসি'র কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প সহকারী প্রকল্প পরিচালক
		৪.২ স্টাডি ভিজিট: স্টাডি ভিজিট সম্পর্কে প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক সভায় জানান, করোনা পরিস্থিতির কারণে জিও হওয়া সত্ত্বেও স্টাডি ভিজিট স্থগিত রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হলে যুক্তরাজ্যে ৩ জন	৪.২ বাজেট বরাদ্দ পাওয়া এবং করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়া সাপেক্ষে যুক্তরাজ্যে ৩জন ও যুক্তরাষ্ট্রে ২জন কর্মকর্তার শিক্ষাসফর	সহকারী প্রকল্প পরিচালক

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	চলতি অর্থবছর ব্যয়: ১৭৫৯.০০ লক্ষ আর্থিক: ৫৮.৬৩% বাস্তব-৩৫.৩০% ক্রমপুঞ্জিভূত: জুন ২০২০ মোট ব্যয়-৩৭৫১.০৮ লক্ষ আর্থিক-৭৫.০২% বাস্তব-৭৩.৯৯%	এবং যুক্তরাস্ট্র ২জন স্টাডি ভিজিটে অংশগ্রহণ করবেন।	অয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
		৪.৩ স্থানীয় সেমিনার: প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরের অর্থ প্রাপ্তির পর বিপিএটিসির কর্মকর্তা (গ্রেড ১০ থেকে তদূর্ধ্ব), প্রোজেক্ট অফিসের কর্মকর্তা, পিডব্লিউডি এর বিভিন্ন বিভাগের নির্বাহী প্রকৌশলী ও কর্মকর্তাগণ-এর সমন্বয়ে একটি স্থানীয় সেমিনার বিষয়ে আলোচনা করা হয়।	৪.৩ ২০২০-২০২১ অর্থবছরের অর্থ প্রাপ্তির পর বিপিএটিসির কর্মকর্তা (গ্রেড ১০ থেকে তদূর্ধ্ব), প্রকল্প অফিসের কর্মকর্তা, পিডব্লিউডি এর বিভিন্ন বিভাগের নির্বাহী প্রকৌশলী ও কর্মকর্তাগণ-এর সমন্বয়ে একটি স্থানীয় সেমিনার আয়োজন করা হবে।	সেমিনার ম্যানেজমেন্ট টিম ও সহকারী প্রকল্প পরিচালক
		৪.৪ **গবেষণা ও প্রকাশনা:** প্রকল্পের আওতায় গবেষণা ও প্রকাশনা খাতে বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ দ্বারা ২০২০-২১ অর্থবছরে নতুন একটি গবেষণা কার্যক্রম পরিচালনা করনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে পরিচালক (উন্নয়ন) ড. মোঃ জহুরুল ইসলাম একটি খসড়া বাজেট প্রণয়ন করে উপস্থাপন করেছেন মর্মে সভায় উপস্থাপন করেন।	৪.৪ প্রকল্পের আওতায় নতুন গবেষণার ব্যয় নির্বাহের জন্য পরিচালক (উন্নয়ন) ড. মোঃ জহুরুল ইসলাম-এর খসড়া বাজেট অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (উন্নয়ন) ও সহকারী প্রকল্প পরিচালক
		৪.৫ **১২টি ক্লাস রুম ও ৪টি কোর্স অফিস আধুনিকায়ন:** ১২ টি ক্লাসরুমের মধ্যে লেকচার থিয়েটারে দুটি, একাডেমিক ভবনের ৩০৩ ও ৩০৬, আইটিসি ভবনের ২০৫ ও ২০৬ নম্বর ক্লাসরুমসহ ১০৫ ও ৪০৯ নং রুমের আধুনিকায়ন এবং একই সাথে আইটিসি ভবনের ৩য় তলার ৬টি রুমসহ মোট ১২টি রুমের, এবং এছাড়াও নির্ধারিত ৪টি কোর্স অফিসের ইনটেরিয়র ডেকোরেশন বা আধুনিকায়ন করার জন্য পরিচালক (উন্নয়ন) সরেজমিনে পরিদর্শন করেছেন। দ্রুততার সাথে এসব রুমের কাজ শুরু করা হবে।	৪.৫ ক্লাস রুম ও কোর্স অফিস রুমের মাপ নেয়া হয়েছে। বাজেট বরাদ্দের পর নির্ধারিত কক্ষের দ্রুত অভ্যন্তরীণ সাজসজ্জা ও আধুনিকায়নের কাজ শুরু করতে হবে।	পরিচালক (প্রশাসন) পরিচালক (প্রকল্প) উপপরিচালক (সেবা) সহকারী প্রকল্প পরিচালক(কোর কোর্স)
		৪.৭ **সিভিল সার্ভিস মিউজিয়াম এবং সিভিল সার্ভিস নলেজ রিপোজিটরি:** পরিচালক (প্রশাসন) মহোদয় সভায় জানান যে, সিভিল সার্ভিস মিউজিয়াম তৈরির জন্য কেন্দ্রের রাজস্ব বাজেট হতে সিভিল ওয়ার্ক এর কাজ করা হবে। সিভিল সার্ভিস মিউজিয়ামের অন্যান্য কাযক্রম প্রকল্প হতে নির্বাহ করা হবে। সিভিল সার্ভিস নলেজ	৪.৭ জরুরি ভিত্তিতে সিভিল সার্ভিস মিউজিয়াম তৈরির জন্য কেন্দ্রের রাজস্ব বাজেট হতে পূর্তকাজ করতে হবে এবং সিভিল সার্ভিস নলেজ রিপোজিটরি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দ্রুততার সাথে দরপত্র আহবান	পরিচালক (প্রশাসন) পরিচালক (এলটিএ) ও সহকারী প্রকল্প পরিচালক